



রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড
(An Enterprise of BREB)
প্লট-৫২, রোড-২১, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।
মানবসম্পদ ও প্রশাসন বিভাগ
www.rpcl.gov.bd

তারিখ: ২৮ জ্যৈষ্ঠ ১৪৩৩
১১ জুন ২০২৬

নম্বর: ২৭.২৬.০০০০.০০০.০০৫.০৩.০০০৮.২৬.৬৪৬

নোটিশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড (আরপিসিএল)-এ সহকারী ব্যবস্থাপক (লিগ্যাল) পদে জনবল নিয়োগের লক্ষ্যে গত ২৮/০৩/২০২৫ তারিখে 'নিয়োগ বিজ্ঞপ্তি' প্রকাশিত হয়। প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির বিপরীতে উক্ত পদে আবেদনকারী প্রার্থীদের নিয়োক্ত সময়সূচি এবং স্থান অনুযায়ী লিখিত পরীক্ষা (Written Test) গ্রহণ করা হবেঃ

পদের নাম	লিখিত পরীক্ষা গ্রহণের স্থান ও সময়
সহকারী ব্যবস্থাপক (লিগ্যাল)	তারিখঃ ২০/০৬/২০২৬ খ্রি., রোজঃ শনিবার। সময়ঃ দুপুর ১২:০০ ঘটিকা হতে দুপুর ০১:৩০ ঘটিকা। স্থানঃ বাংলাদেশ পাওয়ার ইকুইপমেন্ট ম্যানুফ্যাকচারিং কোম্পানী লিমিটেড (বিপিইমসি), ৯/এফ, ৫ম তলা (লেভেল-৪), সেনা কল্যাণ কমার্শিয়াল কমপ্লেক্স, টঙ্গী, গাজীপুর।

লিখিত পরীক্ষায় (Written Test) অংশগ্রহণকারী প্রার্থীদের জন্য পালনীয় সাধারণ নির্দেশনাবলীঃ

- পরীক্ষার সময় সকল পরীক্ষার্থীকে টেলিটক কর্তৃক ইস্যুকৃত প্রবেশপত্র (রঙিন প্রিন্ট) অবশ্যই সাথে আনতে হবে এবং পরীক্ষা চলাকালীন পরিদর্শককে তা প্রদর্শন করতে হবে।
- প্রবেশপত্রের ছবির সাথে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত পরীক্ষার্থীর চেহারার মিল থাকতে হবে। মিল না থাকলে তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- পরীক্ষার হলে মোবাইল ফোন/ক্যালকুলেটর/ডিজিটাল ওয়াচ বা অন্য কোন ইলেকট্রনিক ডিভাইস বহন করা যাবে না।
- পরীক্ষার্থীদের পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে হবে।
- পরীক্ষার হলে অনৈতিক বা অসদাচরণের জন্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- মৌখিক পরীক্ষার জন্য বাছাইকৃত প্রার্থীদের তালিকা আরপিসিএল এর নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে প্রকাশ করা হবে এবং উক্ত পরীক্ষার সময়সূচি ও স্থান পরবর্তীতে নোটিশের মাধ্যমে অবহিত করা হবে।
- লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন ধরনের টিএ/ডিএ প্রদান করা হবে না।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে।

১১-০৬-২০২৬

কামাল হোসেন

মহাব্যবস্থাপক (মানবসম্পদ ও প্রশাসন) অঃ দাঃ

ইমেইল : gmhr@rpcl.gov.bd

নম্বর: ২৭.২৬.০০০০.০০০.০০৫.০৩.০০০৮.২৬.৬৪৬/১ (১)

তারিখ: ২৮ জ্যৈষ্ঠ ১৪৩৩
১১ জুন ২০২৬

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

আইসিটি সেল, আরপিসিএল, ঢাকা।



A handwritten signature in black ink, positioned above a horizontal line.

১১-০৬-২০২৬

মির্জা আব্দুল্লাহ আল মামুন
ব্যবস্থাপক (মানবসম্পদ)